গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**পীরগঞ্জ সরকারি কলেজ**
পীরগঞ্জ, ঠাকুরগাঁও
*www.pirganjgc.edu.bd, pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd, EIIN: 128965*
অধ্যক্ষ ফোনঃ ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইলঃ ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫, উপাধ্যক্ষ ফোনঃ ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং- ১৯৬ তারিখঃ ০৯/০৭/২০২৪ খ্রি

## ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সের F-গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের অনার্স ২য় বর্ষ পরীক্ষা ২০২৩ এর ফরমপূরণ নিম্নোক্ত সূচি ও প্রক্রিয়ায় অনুষ্ঠিত হবেঃ

১। **ফরমপূরণের আবেদন কলেজে জমাদানের তারিখঃ ২৫ জুলাই** থেকে **২৯ জুলাই ২০২৪ খ্রি.** পর্যন্ত (শুক্র ও শনিবার বাদে) ।

২। **অনলাইনের মাধ্যমে আবেদন ফরমপূরণের নিয়মাবলী।**
শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **ems.nu.ac.bd/student-login** অথবা **nubd.info/honours** থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে ও সতর্কতার সাথে আবেদন ফরমপূরণ করতে হবে এবং উক্ত ফরমটি ডাউনলোড করে A4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

৩। **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।
- ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাশকৃত কোর্সের পরীক্ষা দিতে হবেনা। তবে যারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষে প্রথমবারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D পেয়েছে শুধু তারা ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নত করার জন্য পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি কোর্সে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।
- যে সকল শিক্ষার্থী ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রথমবারের মত অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধু C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স সমূহে সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশগ্রহণ করতে পারবে।
- ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় শর্ত সাপেক্ষে দেওয়া Promotion বাতিল হয়ে যাবে।
- ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীরা অতিরিক্ত ফি প্রদান করে শুধু ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে তাদের রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবেনা।

৪। **পাঠ্যসূচিঃ** সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। **ফরমপূরণ ফিঃ** (ফি এর সাথে বিকাশ চার্জ সংযুক্ত, শিক্ষার্থীদের Payment সময় আলাদা করে চার্জ দিতে হবেনা।)

| ক্রমিক | পরীক্ষার্থীর ধরণ | মোট ফি | বিকাশ চার্জ | সর্বমোট ফি |
|---|---|---|---|---|
| ১ | নিয়মিত (বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা) | ২৬৭০/- | ৩৬/- | **২৭০৬/-** |
| ২ | নিয়মিত (ইংরেজি) | ২৪২০/- | ৩২/- | **২৪৫২/-** |
| ৩ | নিয়মিত (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) | ৩৮৭০/- | ৫১/- | **৩৯২১/-** |
| ৪ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(এক বিষয়) | ১৩৭০/- | ১৮/- | **১৩৮৮/-** |
| ৫ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(দুই বিষয়) | ১৬২০/- | ২২/- | **১৬৪২/-** |
| ৬ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(তিন বিষয়) | ১৮৭০/- | ২৫/- | **১৮৯৫/-** |
| ৭ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(চার বিষয়) | ২১২০/- | ২৮/- | **২১৪৮/-** |
| ৮ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(পাঁচ বিষয়) | ২৩৭০/- | ৩১/- | **২৪০১/-** |
| ৯ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(ছয় বিষয়) | ২৬২০/- | ৩৫/- | **২৬৫৫/-** |
| ১০ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/(সাত বিষয়) | ২৮৭০/- | ৩৮/- | **২৯০৮/-** |
| ১১ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (এক বিষয়) | ২০৭০/- | ২৮/- | **২০৯৮/-** |
| ১২ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (দুই বিষয়) | ২৩২০/- | ৩১/- | **২৩৫১/-** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (তিন বিষয়) | ২৫৭০/- | ৩৪/- | ২৬০৪/- |
| ১৪ | ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের F প্রাপ্ত পরীক্ষার্থী (সকল বিষয়) | ৫৮২০/- | ৭৭/- | ৫৮৯৭/- |

বিঃদ্রঃ ১। ডিটেন্ড পরীক্ষার্থী, Not promoted এবং যারা ২য় বর্ষে ভর্তি হয়নি তাদেরকে ২য় বর্ষে ভর্তি/পূণঃভর্তি হয়ে ফরমপূরণ করতে হবে।
২। বিজ্ঞান শাখার যেসকল অনিয়মিত শিক্ষার্থী পূর্ববর্তী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন করেনি তাদেরকে তত্ত্বীয় ও কেন্দ্র ব্যবহারিক ফি অতিরিক্ত প্রদান করতে হবে।

**৬। ভর্তি ফি জমাদান পদ্ধতিঃ**

☑ বিকাশ অ্যাপের মাধ্যমের পেমেন্ট পদ্ধতি (**বিকাশ অ্যাপ ছাড়া পেমেন্ট করা যাবে না**)

- আপনার বিকাশ অ্যাপে লিগ-ইন করুন
- Home screen থেকে Payment সিলেক্ট করুন।
- Merchant Number (01740473493) দিন ও পরের ধাপে যান।
- আপনার জন্য নির্ধারিত টাকার পরিমাণ টাইপ করুন (ভর্তি ফি দ্রষ্টব্য)
- পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং আপনার payment reference-এ H2FF23 (স্পেস) Registration Number (স্পেস) মোবাইল নম্বর দিন। কোন অবস্থাতেই রেফারেন্স নম্বর ফাঁকা রেখে বা ভুল তথ্য দিয়ে পেমেন্ট করা যাবে না।

উদাহরণ: H2FF23 (Code) 16104163460 (Registration No.) 017xxxxxxx1 (Mobile No.)

- আপনার বিকাশ PIN দিন ও পরের ধাপে যান।
- "Type and Hold to Make Payment" চেপে ধরে পেমেন্ট সম্পন্ন করুন।
- পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্টের screenshot নিন এবং ০২ কপি প্রিন্ট করুন।

**৭। বিশেষ সতর্কতাঃ**

নির্ধারিত ভর্তি ফি'র কম payment করলে কিংবা payment reference-এ কোড (H2FF23) Registration Number এবং শিক্ষার্থীর মোবাইল নম্বর না দিলে বা ভুল দেবার কারণে ভর্তির নিশ্চায়নসংক্রান্ত কোনরুপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবেনা। **উল্লেখ্য, কলেজের মোবাইল মার্চেন্ট নম্বরে ভুল করে payment করলে তা ফেরত প্রদানের কোন সুযোগ নেই।** তাই সতর্কতার সাথে payment করতে হবে এবং payment সম্পন্নের পর প্রাপ্ত ম্যাসেজ/payment copy অবশ্যই শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে।

**৮। সংযুক্ত কাগজপত্রের বিবরণঃ**

ক) নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি ও দুই কপি পাসপোর্টের সাইজের ছবি।
খ) অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিষ্ট্রেশন কার্ড ও বিগত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি এবং দুই কপি পাসপোর্টের সাইজের ছবি।
গ) সকল ক্ষেত্রেঃ বিকাশের মাধ্যমে ফরমপূরণ ফি পরিশোধের ট্রানজেকশন প্রিন্ট কপি।
ঘ) নির্ধারিত ফি এর বেশি পেমেন্ট করলে বা ভুল করে পেমেন্ট করলে টাকা ফেরত প্রদানের কোন সুযোগ নাই।

প্রয়োজনে যোগাযোগ:

- ০১৭২২-৯১৫১৬২ (জনাব মোঃ হাবিবুর রহমান, প্রভাষক, ব্যবস্থাপনা, সদস্য- ভর্তি কমিটি)
- ০১৭৯৯-২৪৮৪৫৮ (জনাব খন্দকার আরশাদুল বারী, প্রভাষক, প্রাণিবিজ্ঞান, সদস্য- ভর্তি কমিটি)
- ০১৭১৪-০৮৬৭১৩ (জনাব মোঃ আজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক, ইংরেজি, আহবায়ক- ভর্তি কমিটি)

প্রতিস্বাক্ষরিত
০৭/০৭/২৪
(প্রফেসর মোঃ বদরুল হুদা-৫৯৬৭)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও

০৯/০৭/২৪
(মোঃ আজহারুল ইসলাম)
সহকারী অধ্যাপক, ইংরেজি
ও
আহবায়ক
অনার্স ২য় বর্ষ ফরমপূরণ কমিটি-২০২৩
পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও